প্রথম আলো

তারিখ 05 MAY 2016
পৃষ্ঠা ৭ কলাম ২

# শাহবাগে প্রথমার বইমেলা শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

শাহবাগের কেন্দ্রীয় গণগ্রন্থাগার চত্বরে শুরু হয়েছে প্রথমা প্রকাশন বইমেলা। গতকাল বুধবার বিকেলে আনুষ্ঠানিকভাবে বইমেলার উদ্বোধন করা হয়। মেলা চলবে ১৪ মে পর্যন্ত, প্রতিদিন বেলা ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত।

সম্প্রতি প্রয়াত প্রখ্যাত প্রত্নতত্ত্ববিদ আবুল কালাম মোহাম্মদ যাকারিয়ার স্মৃতির উদ্দেশে বইমেলাটি নিবেদন করা হয়েছে। গতকাল এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন লেখক ও গবেষক সৈয়দ আবুল মকসুদ। তিনি বলেন, 'এসব ছোট ছোট মেলার উপকারিতা বিরাট। এসব জায়গায় ভিড় বেশি না থাকায় পাঠকেরা বই নির্বাচনে সময় বেশি পান। ছোট ছোট এসব বইমেলা সারা দেশে শুরু হয়েছে, যা আমাদের সংস্কৃতি ও সাহিত্যের জন্য অনেক জরুরি।'

**প্রখ্যাত প্রত্নতত্ত্ববিদ আবুল কালাম মোহাম্মদ যাকারিয়ার স্মৃতির উদ্দেশে বইমেলাটি নিবেদন করা হয়েছে। গতকাল এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন লেখক ও গবেষক সৈয়দ আবুল মকসুদ**

সৈয়দ আবুল মকসুদ বলেন, 'বই কিনলে পড়তে হবে, এমন কোনো কথা নেই। স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের কাছে ১ লাখ ৩৭ হাজার বই ছিল। তিনি কি সব পড়তে পেরেছেন? আমি গত ৫০ বছরে যে বই কিনেছি, সবগুলো পড়িনি। কখনো অংশবিশেষ পড়েছি। এমনও বই আছে যেগুলো কয়েক পৃষ্ঠা পড়েছি মাত্র। কিন্তু ঘরে বই রাখতে হয়। দরকারি দুই-এক পাতা পড়ার জন্যও হাতের কাছে বই রাখতে হয়।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম বলেন, 'পৃথিবীতে এত এত বই প্রতিদিন ছাপা হচ্ছে যে মাঝে মাঝে মনে হয় এর কতটুকু পড়তে পারব? তবে যত বেশি বই বের হচ্ছে, মানুষ তত পড়ছে। বইয়ের পেছনে মানুষ ছুটছে। তা না হলে এই আয়োজন করার দরকার হতো না।' তিনি পাঠকদের উদ্দেশে বলেন, 'আপনারা বই পড়ুন, অনন্তকাল ধরে, বইকে ভালোবাসুন। তবে বইও আপনাকে ভালোবাসবে, আশপাশের সব অন্ধকার কেটে যাবে।'

লেখক মোরশেদ শফিউল হাসান পাঠ্যবইয়ের পাশাপাশি অন্য বইও পড়ার প্রতি গুরুত্ব আরোপ করেন।

লেখক মহিউদ্দিন আহমদ বলেন, পাঠকেরা যত বেশি বই পড়বেন, লেখক তত দীর্ঘজীবী হবেন।

উদ্বোধনী বক্তব্যে *প্রথম আলোর* সহযোগী সম্পাদক আনিসুল হক বলেন, বই কিনে কেউ দেউলিয়া হয়নি, প্রথমার বই কিনেও কেউ দেউলিয়া হবে না।

প্রথমা প্রকাশনের সমন্বয়ক জাফর আহমদের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, লেখক ও প্রকাশকেরা উপস্থিত ছিলেন। বইমেলায় ২৫ থেকে ৭০ শতাংশ ছাড়ে দেশি বই ও ভারতীয় বই ১ রুপি সমান ১ টাকা থেকে ১ টাকা ৮০ পয়সা হিসাবে বিক্রি চলছে। মেলা সবার জন্য উন্মুক্ত।